

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬৯১ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ কন্যা প্রতিপালন

আরবী

عَنْ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ عَلَيْ قَالَتْ جَاءَتْنِىْ امْرَأَةٌ وَمَعَهَا ابْنَتَانِ لَهَا فَسَأَلَتْنِى فَلَمْ تَجِدْ عِنْدِى شَيْئًا غَيْرَ تَمْرَةٍ وَاحِدَةٍ فَأَعْطَيْتُهَا إِيَّاهَا فَأَخَذَتْهَا فَقَسَمَتْهَا بَيْنَ ابْنَتَيْهَا وَلَمْ تَأْكُلْ مِنْهَا شَيْئًا ثَيْرً تَمْرَةٍ وَاحِدَةٍ فَأَعْطَيْتُهَا إِيَّاهَا فَأَخَذَتْهَا فَقَسَمَتْهَا بَيْنَ ابْنَتَيْهَا وَلَمْ تَأْكُلْ مِنْهَا شَيْئًا ثُمُّ قَامَتْ فَخَرَجَتْ وَابْنَتَاهَا فَدَخَلَ عَلَى النَّبِيُ عَلِي النَّبِي فَحَدَّثْتُهُ حَدِيثَهَا فَقَالَ النَّبِي عَلَي النَّبِي مَنِ ابْتُلِى مِنَ الْبَنَاتِ بِشَىْءٍ فَأَحْسَنَ إِلَيْهِنَ كُنَّ لَهُ سِتْرًا مِنَ النَّارِ

বাংলা

(২৬৯১) নবী-পত্নী আয়েশা (রাঃ) প্রমুখাৎ বর্ণিত, তিনি বলেন, আমার নিকট একটি মহিলা তার দুটি কন্যাকে সঙ্গে করে ভিক্ষা করতে (গৃহে) প্রবেশ করল। কিন্তু সে আমার নিকট খেজুর ছাড়া আর কিছু পেল না। আমি খেজুরটি তাকে দিলে সে সেটিকে দুই খণ্ড- ভাগ করে তার দু'টি মেয়েকে খেতে দিল। আর নিজে তা হতে কিছুও খেল না! অতঃপর সে ও তার দুই মেয়ে উঠে বের হয়ে গেল। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট এলে আমি ঐ কথা তাঁকে জানালাম। ঘটনা শুনে তিনি বললেন, "যে ব্যক্তি এই একাধিক কন্যা নিয়ে সঙ্কটাপন্ন হবে, অতঃপর সে তাদের প্রতি যথার্থ সদ্যবহার করবে, সেই ব্যক্তির জন্য ঐ কন্যারা জাহান্নাম থেকে অন্তরাল (পর্দা) স্বরূপ হবে।" (বুখারী ১৪১৮, ৫৯৯৫, মুসলিম ৬৮৬২)

অন্য এক বর্ণনায় আছে, আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, এক মিসকীন মহিলা তার দু'টি কন্যাকে (কোলে) বহন ক'রে আমার কাছে এল। আমি তাকে তিনটি খুরমা দিলাম। অতঃপর সে তার কন্যা দু'টিকে একটি একটি ক'রে খুরমা দিল এবং সে নিজে খাবার জন্য একটি খুরমা মুখণ্ডপর্যন্ত তুলল। কিন্তু তার কন্যা দু'টি সেটিও খেতে চাইল। সুতরাং মহিলাটি যে খেজুরটি নিজে খেতে ইচ্ছা করেছিল সেটিকে দু'ভাগে ভাগ ক'রে তাদের মধ্যে বন্টন ক'রে দিল। (আয়েশা রাযিয়াল্লাহু আনহা বলেন,) তার (এ) অবস্থা আমাকে অভিভূত করল। সুতরাং আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট মহিলাটির ঘটনা বর্ণনা করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "নিশ্চয় আল্লাহ তাআলা তার জন্য তার এ কাজের বিনিময়ে জান্নাত ওয়াজিব ক'রে দিয়েছেন অথবা তাকে জাহান্নাম থেকে মুক্ত ক'রে দিয়েছেন।" (মুসলিম ৬৮৬৩)

এক বর্ণনায় আছে, মা আয়েশা ঐ মহিলা ও তার মেয়েদের অভাব ও ক্ষুধা দেখে কাঁদতে লাগলেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাসায় এলে তিনি তাঁকে কান্নার কারণ জিজ্ঞাসা করলেন। মা আয়েশা উক্ত ঘটনা



বর্ণনা করলে নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম ঐ হাদীস বর্ণনা করলেন। (মুসনাদ ত্বায়ালিসী ১/২০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন